

বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.১৭.১৫-২৪২

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৪
২৪ জুলাই ২০১৭

বিষয় : সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের “উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) এবং “উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (সাধারণ) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের “উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (সংরক্ষিত) (বিজ্ঞপ্তির তারিখ ২০/০২/১৭, বিজ্ঞপ্তি নং-১৯) পদের ৭৩১ জন এবং “উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (সাধারণ) (বিজ্ঞপ্তির তারিখ ২০/০২/১৭, বিজ্ঞপ্তি নং-১৮) পদের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ ২১৮৬ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পরীক্ষা তারিখ ও সময়	পদের নাম বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	কেন্দ্র	রেজিঃ নম্বর ও প্রার্থী সংখ্যা
০৮/০৮/১৭ (মঙ্গলবার) বেলা ১.৩০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত	“উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (সংরক্ষিত) (বিজ্ঞপ্তির তারিখ ২০/০২/১৭, বিজ্ঞপ্তি নং-১৯)	মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।	০০০০০১ থেকে ৭০০০৯৮ মোট = ৭৩১ জন
১০/০৮/১৭ (বৃহস্পতিবার) বেলা ১.৩০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত	“উপ সহকারী প্রকৌশলী (সিভিল)” (সাধারণ) (বিজ্ঞপ্তির তারিখ ২০/০২/১৭, বিজ্ঞপ্তি নং-১৮)	মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা। সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।	০০০০০১ থেকে ০০৩৮২৪ মোট = ১১০০ জন ০০৩৮৩১ থেকে ৭০০২৯৪ মোট = ১০৮৬ জন

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী :

- প্রার্থীদের নামে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।
- প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র এবং হাত-ঘড়ি আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল-৬০ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

০৯. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২৪.০৭.২০১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.১৭.১৫-/২৪২

তারিখ : ২৪.০৭.২০১৭ খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল : -

১. সিনিয়র সচিব/সচিব,মন্ত্রণালয়/বিভাগ।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (বিজ্ঞপ্তিটি অদ্যই ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আঞ্চলিক কার্যালয়(চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর)।
৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. অভ্যর্থনা /নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

২৪/০৭/১৭
(দীলাওয়েজ দুরদানা)
পরিচালক(নন-ক্যাডার)